



শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষার্থীরা ক্লাস চালুর দাবি জানিয়ে শিক্ষার্থী ও শিক্ষকদের প্রশাসন ভবনের ভিতরে তালা মেরে আটকে রাখে। ইতোফাক

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ ইনস্টিটিউটের শিক্ষকদের অবরুদ্ধ করে দাবি আদায়

৥ বিশ্ববিদ্যালয়ের রিপোর্টার ৥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষার্থীরা ক্লাসের দাবিতে শিক্ষকদের পৌনে দুই ঘণ্টা অবরুদ্ধ করেছে। শনিবার বেলা ১১টা থেকে পৌনে ১টা পর্যন্ত ইনস্টিটিউটের মূল গেটে তালা কুলানো ছিল। পরে ইনস্টিটিউটের পরিচালকের ক্লাস নেয়ার আশ্বাসের পরিস্থিতিতে তালা তাল্লা খুলে দেয়।

ইনস্টিটিউটের ২০০২-০৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের গত ৮ মাস আগে অনার্স পরীক্ষা শেষ হলেও মাস্টার্সের ক্লাস শুরু হয়নি। ২০০৭-০৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরও ক্লাস শুরু নিয়ে ইনস্টিটিউট টালবাহানি শুরু করে। শিক্ষার্থীদের চাপে ইনস্টিটিউটের পরিচালক ইনস্টিটিউটের একাডেমিক সভার অনুমোদন ছাড়াই শনিবার পুরনো সিলেবাস অনুযায়ী ক্লাসের নোটিশ দেন। ছাত্ররা গতকাল থেকে নির্ধারিত ক্লাস করতে এলে শিক্ষকরা একাডেমিক সভার অনুমোদন ছাড়া ক্লাস নিতে অপরাগতা প্রকাশ করেন। পরে ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে ইনস্টিটিউটের মূল গেটে তালা লাগিয়ে ক্লাসের দাবিতে বিক্ষোভ মিছিল (১৫শ ৫-এর কঃ ৫ঃ)

## শিক্ষকদের অবরুদ্ধ

(প্রথম পৃঃ পর)

করে। ছাত্রদের আবেগে গ্রায় দুই ঘণ্টা ইনস্টিটিউটের ভিতরে অধ্যাপক ড. আবু তাহের, অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, অধ্যাপক তাহমিনা আকতার, ড. মাহবুবা সুলতানা, গোলাম রাকবানী, মোহাম্মদ হুফিজ উদ্দিন মিল্লা, রহিমুল ইসলাম অবরুদ্ধ ছিলেন। পরে ইনস্টিটিউটের পরিচালক সৈয়দা ফিরোজা বেগম আগামী দুই দিনের মধ্যে ক্লাস নেয়ার আশ্বাস দিলে ছাত্ররা মূল গেটের তালা খুলে দেন। তবে ছাত্ররা ইনস্টিটিউটের সকল শ্রেণী কক্ষে তালা খুলিয়ে দেন। রাতে ইনস্টিটিউটের ইডেনিং প্রোগ্রামের কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি। আবেগে সশস্ত্র শিক্ষার্থীরা জানান, ক্লাস শুরু না হওয়া পর্যন্ত ইনস্টিটিউটে লাগাতার অচলাবস্থা চলবে।

শিক্ষকরা জানান, পরিচালকের পদত্যাগ বা অপসারণ ছাড়া ইনস্টিটিউটের সংকট উত্তরণ সম্ভব নয়। পরিচালক ইনস্টিটিউট পরিচালনা করতে ব্যর্থ হয়েছেন। একাডেমিক কমিটির অনুমোদন ছাড়াই তিনি ক্লাসের নোটিশ দিয়েছেন। শিক্ষকদের কাছ থেকে কোন পরামর্শ নেননি।

অধ্যাপক ফিরোজা বেগম জানান, কতিপয় শিক্ষকের অসহযোগিতার কারণে এই অবস্থার সৃষ্টি হয়েছে। তিন তিন বার একাডেমিক কমিটির সভা আহ্বান করা হলেও কয়েক শিক্ষকের জন্য সভা স্থগিত করা হয়। তিসির পরামর্শ মোতাবেক ক্লাসের নোটিশ দেয়া হয়। অচিরেই অচলাবস্থার নিরসন হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এদিকে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে সৃষ্ট অচলাবস্থা নিরসনের জন্য আজ রবিবার সকাল ১১টায় ভিপি অধ্যাপক ড. এসএমএফ ফারুজ ইনস্টিটিউটের সকল শিক্ষকের সাথে সভা করবেন।